

## মাসিক কল্যাণ, যৌথবীমা এবং দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান

### অনলাইনে আবেদন দাখিল প্রক্রিয়া:

১. রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর লগইন করে প্রোফাইল তথ্য আপডেট করতে হবে;
২. হোম পেজ থেকে “আবেদন করুন” বাটনে ক্লিক করে নির্দেশাবলী অনুযায়ী পরবর্তী ধাপে প্রয়োজনীয় তথ্য প্রদানপূর্বক আবেদন ফরম যথাযথভাবে পূরণ ও “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করে আবেদন সংরক্ষণ করতে হবে।
৩. 'বিস্তারিত' বাটনে ক্লিক করে আবেদনের তথ্যাদি দেখা যাবে, "আবেদন সংশোধন" বাটনে ক্লিক করে আবেদনের তথ্যাদি সংশোধন করা যাবে এবং ‘দাখিল করুন’ বাটনে ক্লিক করে আবেদন দাখিল করতে হবে;
৪. আবেদনটি সফলভাবে দাখিল হলে আবেদনকারী তাঁর ড্যাশবোর্ডে ‘আপনার আবেদনটি সফলভাবে প্রেরিত হয়েছে’ এই শিরোনামে একটি স্কুদেবার্তা প্রদর্শন করবে এবং আবেদনকারীর মোবাইল ফোনে আবেদন গ্রহণের বিষয়টি জানিয়ে তারিখ সম্বলিত একটি স্কুদেবার্তা প্রেরণ করা হবে;
৫. আবেদন ফরম দাখিল করার পর QR Code ও আবেদনকারীর ছবি সম্বলিত ২ (দুই) পৃষ্ঠার আবেদন ফরমটি ডাউনলোড করে প্রিন্ট করতে হবে;
৬. আবেদন ফরম প্রিন্ট করার পর আবেদনকারীর স্বাক্ষর, অফিস কর্তৃপক্ষের স্বাক্ষর, সীল, স্মারক নং ও তারিখ দিয়ে প্রয়োজনীয় কাগজপত্র প্রতিস্বাক্ষরপূর্বক সংযুক্ত করে অগ্রায়নপত্রের মাধ্যমে আবেদনের হার্ডকপি প্রধান কার্যালয়ের ক্ষেত্রে মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এবং বিভাগীয় কার্যালয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগের পরিচালক বরাবরে প্রেরণ করতে হবে;
৭. স্বয়ংসম্পূর্ণ আবেদনের হার্ড কপি বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে গৃহীত হলে আবেদনকারীর মোবাইল ফোনে ডায়েরি নম্বর ও তারিখ সম্বলিত একটি স্কুদেবার্তা প্রেরণ করা হবে এবং আবেদনকারী তাঁর একাউন্টে লগইন করে আবেদনের অবস্থা সম্পর্কে জানতে পারবেন;
৮. অসম্পূর্ণ আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে তাঁর মোবাইল ফোনে স্কুদেবার্তার মাধ্যমে অবহিত করা হবে;
৯. অনুমোদিত আবেদনের তথ্য আবেদনকারীর মোবাইল ফোনে স্কুদেবার্তার মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং অনুমোদিত অর্থ ইএফটি’র মাধ্যমে আবেদনকারীর উল্লেখিত ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হবে;